ব্যবস্থাপনা কমিটির নির্বাচন-২০২৫

নির্বাচন কমিটি

# মিরপুর মাজার কো-অপারেটিভ মার্কেট সোসাইটি লিঃ

রেজিঃ নং- ৩৪, তারিখ- ০৭/১০/১৯৬৭ খ্রিঃ

ঠিকানাঃ ০১নং,দারুস সালাম রোড,মিরপুর-০১,ঢাকা-১২১৬।

পত্র নং- নির্বা/মিকো-০১ তারিখঃ-২৯/১১/২০২৪ খ্রিঃ

## ব্যবস্থাপনা কমিটির নির্বাচন-২০২৫

ঢাকা জেলার শাহআলী মেট্রোঃ থানাধীন মিরপুর মাজার কো-অপারেটিভ মার্কেট সোসাইটি লিঃ এর সম্মানিত সদস্য ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নির্বাচন সংক্রান্ত বিষয়ে মহামান্য সুপ্রিম কোর্টের হাইকোট বিভাগ কর্তৃক গত ১৪/১১/২০২৪ তারিখের ১২৭৯২নং রীট পিটিশনে প্রদত্ত আদেশ মূলে সমিতির ব্যবস্থাপনা কমিটির কর্তৃক বিগত ১৫/১১/২০২৪ খ্রিঃ তারিখের সভার সিদ্ধান্ত মোতাবেক আগামী ০২/০১/২০২৫খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতিবার সকাল ০৯.০০ ঘটিকা হতে বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত (বিরতিহীনভাবে) সমিতির কার্যালয় ,০১নং,দারুস সালাম রোড,মিরপুর-০১,ঢাকা-১২১৬ এর ৫ম তলায় বিশেষ সাধারণ সভায় ব্যবস্থাপনা কমিটির নির্বাচন-২০২৫ উপলক্ষ্যে ভোট গ্রহন অনুষ্ঠিত হবে মর্মে সম্পাদক কর্তৃক গত ১৭/১১/২০২৪ তারিখে নির্বাচনের নোটিশ জারী করা হয় । উল্লেখ্য যে, উক্ত নির্বাচনে সমিতির উপ-আইন অনুযায়ী ব্যবস্থাপনা কমিটির ১(এক) জন সভাপতি, ১(এক) জন সহ-সভাপতি, ১(এক) জন সম্পাদক, ১(এক) জন কোষাধ্যক্ষ এবং ০৫(পাঁচ) জন ব্যবস্থাপনা কমিটির সদস্যসহ (পরিচালক) সর্বমোট ০৯ (নয়) টি পদে সদস্যদের সরাসরি ভোটে নির্বাচিত হবেন।

জেলা সমবায় অফিসার,ঢাকা মহোদয় কর্তৃক গত ২১/১১/২০২৪খ্রিঃ তারিখে ২৫৮৪নং স্মারক মূলে নিয়োগকৃত নির্বাচন কমিটির বিগত ২৬/১১/২০২৪খ্রিঃ তারিখের সভার সিদ্ধান্ত মোতাবেক সমবায় সমিতি বিধিমালা,২০০৪(সংশোধিত-২০২০) এর ২৭ বিধি অনুযায়ী আগামী ০২/০১/২০২৫খ্রিঃ তারিখে অনুষ্ঠিতব্য ব্যবস্থাপনা কমিটির নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে নিম্নরূপভাবে নির্বাচন-২০২৫ এর নির্বাচনী তফসিল ঘোষনা করা হলোঃ

### নির্বাচনী তফসিল-২০২৫

| ক্রঃনং | বিবরণ | তারিখ | সময় | স্থান |
|---|---|---|---|---|
| ১. | মনোনয়ন পত্র বিতরন | ০৩/১২/২০২৪<br>০৪/১২/২০২৪ | বিকাল ৪.০০ টা হতে সন্ধ্যা ৬.০০ টা পর্যন্ত | সমিতির কার্যালয়,০১নং,দারুস সালাম রোড,মিরপুর-০১,ঢাকা-১২১৬ এর ৫ম তলা) |
| ২. | মনোনয়ন পত্র জমা গ্রহন | ০৮/১২/২০২৪ | বিকাল ৪.০০ টা হতে সন্ধ্যা ৬.০০ টা পর্যন্ত | |
| ৩. | মনোনয়ন পত্র বাছাই (প্রার্থীদের উপস্থিতিতে যদি কেহ উপস্থিত থাকেন) | ০৯/১২/২০২৪ | বিকাল ৫.০০ টা হতে | |
| ৪. | প্রার্থীদের প্রাথমিক খসড়া তালিকা প্রকাশ | ১০/১২/২০২৪ | বিকাল ৫.০০ টা | সমিতির নোটিশ বোর্ড |
| ৫. | বৈধ ও বাতিলকৃত মনোনয়নপত্রের বিরুদ্ধে আপীল আবেদন গ্রহন | ১১/১২/২০২৪<br>১২/১২/২০২৪ | অফিস চলাকালীন সময় | জেলা সমবায় অফিসার, ঢাকা, সমবায় ভবন, আগারগাঁও, ঢাকা-১২০৭। |
| ৬. | আপীলের শুনানী গ্রহন ও রায়/সিদ্ধান্ত প্রদান | ১৫/১২/২০২৪<br>১৭/১২/২০২৪<br>১৮/১২/২০২৪ | আপীল কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত সময় | |
| ৭. | বৈধ ও বাতিলকৃত প্রার্থীদের চূড়ান্ত তালিকা প্রকাশ | ১৯/১২/২০২৪ | বিকাল ৫.০০ টা | সমিতির নোটিশ বোর্ড |
| ৮. | প্রার্থীতা প্রত্যাহার (লিখিত আবেদনের মাধ্যমে) | ২০/১২/২০২৪ | বিকাল ৪.০০ টা হতে সন্ধ্যা ৬.০০ টা পর্যন্ত | সমিতির কার্যালয় |
| ৯. | বিনা প্রতিদ্বন্দ্বিতায় প্রার্থীদের তালিকা প্রকাশ (প্রয়োজ্য ক্ষেত্রে) | ২১/১২/২০২৪ | বিকাল ৫.০০ টা | সমিতির নোটিশ বোর্ড |
| ১০. | প্রার্থীদের মধ্যে প্রতীক বরাদ্দ | ২২/১২/২০২৪ | বিকাল ৫.০০ টা | সমিতির কার্যালয় |
| ১১. | বৈধ প্রার্থীদের চূড়ান্ত তালিকা প্রকাশ | ২৩/১২/২০২৪ | বিকাল ৫.০০ টা | সমিতির নোটিশ বোর্ড |
| ১২. | প্রস্তুতকৃত ভোটদান কক্ষ পর্যবেক্ষন | ০১/০১/২০২৫ | বিকাল ৫.০০ টা | সমিতির কার্যালয়,০১নং,দারুস সালাম রোড,মিরপুর-০১,ঢাকা-১২১৬ এর ৫ম তলা) |
| ১৩. | ভোট গ্রহন | ০২/০১/২০২৫ | সকাল ০৯.০০ টা হতে বিকাল ০৫.০০টা পর্যন্ত | |
| ১৪. | ভোট গণনা | ০২/০১/২০২৫ | ভোট গ্রহনের পর | |
| ১৫. | ফলাফল প্রকাশ | ০২/০১/২০২৫ | ভোট গণনার শেষে | সমিতির নোটিশ বোর্ড |

নির্বাচনের প্রতীক সমূহঃ

১। সভাপতি পদের জন্য = চেয়ার, ছাতা, বটগাছ, মিনার।

২। সহ-সভাপতি পদের জন্য = হারিকেন, টেলিভিশন, দেয়ালঘড়ি, খেজুরগাছ।

৩। সম্পাদক পদের জন্য = গোলাপফুল, হাতি,মই, বাই-সাইকেল।

৪। কোষাধ্যক্ষ পদের জন্য = মাছ ,ঠেলাগাড়ী, দোয়াত-কলম, কাপ-পিরিচ,ফুটবল।

৫। ব্যবস্থাপনা কমিটির সদস্য পদের জন্য= তলোয়ার, রিক্সা, হাতপাখা, বালতি, রেডিও, তালাচাবি, চশমা, গরুরগাড়ী, কবুতর, টেবিলফ্যান, বই, আনারস, চাকা, আম, উড়োজাহাজ, টুপি, মোরগ, মোমবাতি, হরিণ, টেলিফোন, কম্পিউটার, টিয়াপাখি।

## মিরপুর মাজার কো-অপারেটিভ মার্কেট সোসাইটি লিঃনির্বাচন সংক্রান্ত জ্ঞাতব্য বিষয়ঃ

১) মনোনয়ন পত্রের সাথে প্রার্থীর ০১ (এক) কপি পাসপোর্ট সাইজের ছবি ও জাতীয় পরিচয় পত্রের অনুলিপি মোবাইল নম্বরসহ সংযুক্ত করতে হবে। উল্লেখ্য যে, মনোনয়নপত্রের সাথে সংযুক্ত ছবি মিরপুর মাজার কো-অপারেটিভ মার্কেট সোসাইটি লিঃ এর ব্যবস্থাপনা কমিটির সভাপতি/সম্পাদক কর্তৃক সত্যায়িত এবং মেট্রোঃ থানা সমবায় অফিসার, শাহআলী/জেলা সমবায় অফিসার, ঢাকা কর্তৃক প্রতিস্বাক্ষরিত হতে হবে।

২) বিভিন্ন পদের জন্য ব্যবস্থাপনা কমিটি কর্তৃক নির্ধারিত মনোয়নপত্রের ফি মিরপুর মাজার কো-অপারেটিভ মার্কেট সোসাইটি লিঃ এর রশিদের মাধ্যমে জমা করত: রশিদের কপি মনোয়নপত্রের সঙ্গে জমা দিতে হবে।

৩) নির্বাচন কমিটি কর্তৃক নির্ধারিত মনোনয়ন ফরম যথাযথভাবে পূরন করতঃ মিরপুর মাজার কো-অপারেটিভ মার্কেট সোসাইটি লিঃ এর ব্যবস্থাপনা কমিটির সভাপতি/সম্পাদক কর্তৃক সত্যায়িত এবং মেট্রোঃ থানা সমবায় অফিসার, শাহআলী/জেলা সমবায় অফিসার, ঢাকা কর্তৃক প্রতিস্বাক্ষরিত হতে হবে।

৪) দাখিলকৃত মনোয়নপত্র অসম্পূর্ন, কাটাকাটি, ঘষামাজা, ভুল কিংবা মিথ্যা তথ্য সম্বলিত মনোয়নপত্র এবং সমবায় সমিতি আইন,২০০১ (সংশোধিত,২০০২ ও ২০১৩) ও বিধিমালা'২০০৪ মোতাবেক অযোগ্য প্রার্থীর মনোয়নপত্র বাতিল বলে গন্য হবে।

৫) মনোয়নপত্র যাচাই-বাছাইকালে সমবায় সমিতি আইন,২০০১ (সংশোধিত,২০০২ ও ২০১৩) ও সমবায় সমিতি বিধিমালা,২০০৪(সংশোধিত-২০২০) এর সংশিষ্ট ধারা ও বিধি যথাযথভাবে অনুসরন করা হবে।

৬) সমবায় সমিতি বিধিমালা,২০০৪(সংশোধিত-২০২০) এর ২৮ (২) বিধি অনুযায়ী প্রার্থীর দাখিলকৃত মনোনয়নপত্রের সাথে দেওয়া তথ্যের সঠিকতা যাচাইয়ের জন্য নির্বাচন কমিটি যে কোন উপযুক্ত পদ্ধতি গ্রহন করতে পারবে।

৭) একই প্রতীকের জন্য একাধিক প্রার্থী আবেদন করলে নির্বাচন কমিটি লটারীর মাধ্যমে প্রতীক বরাদ্দ করবে।

৮) কোন পদে প্রতিদ্বন্দ্বি প্রার্থীর সংখ্যা নির্বাচন কমিটি কর্তৃক নির্ধারিত প্রতীক সমূহের অধিক হলে পুনরায় অতিরিক্ত প্রতীক বরাদ্দ করা হবে। একই ব্যক্তি একাধিক পদে প্রতিদ্বন্দ্বিতা করতে পারবেনা।

৯) নির্বাচনী তফসিল মোতাবেক প্রার্থীতা প্রত্যাহারের পর কোন পদে একজন মাত্র বৈধ প্রার্থী থাকলে সমবায় সমিতি বিধিমালা,২০০৪(সংশোধিত-২০২০) এর ৩২(১) বিধি মোতাবেক উক্ত প্রার্থীকে বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত ঘোষনা করা হবে।

১০) নির্বাচনে প্রতিদ্বন্দ্বি প্রার্থীগনকে সমবায় সমিতি আইন,২০০১ (সংশোধিত,২০০২ ও ২০১৩ ইং) এর ২০২৫(৮),১৯ ধারা ও সমবায় সমিতি বিধিমালা,২০০৪(সংশোধিত-২০২০) এর ২৪ বিধি অনুযায়ী নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করার জন্য যোগ্য হতে হবে।

১১) উক্ত নির্বাচন সমবায় সমিতি আইন,২০০১(সংশোধিত,২০০২ ও সংশোধিত,২০১৩),সমবায় সমিতি বিধিমালা,২০০৪(সংশোধিত-২০২০) ও সমিতির নিবন্ধিত উপ-আইন অনুযায়ী অনুষ্ঠিত হবে।

১২) নির্বাচন কমিটি কর্তৃক নির্ধারিত সরবরাহকৃত মনোনয়নপত্র ব্যতিত অন্য কোন মনোনয়নপত্র গ্রহনযোগ্য হবে না।

১৩) নির্বাচন সংক্রান্ত কোন তথ্যের প্রয়োজন হলে নির্বাচন কমিটির সাথে যোগাযোগ করা যেতে পারে।

১৪) প্রতিদ্বন্দ্বি প্রার্থীগনকে মনোনয়নপত্র বিতরন/ মনোনয়নপত্র জমা প্রদান/মনোনয়নপত্র যাচাই বাছাই কার্যক্রমে যে কোন একদিন স্ব-স্বরীরে উপস্থিত থাকতে হবে।

১৫) নির্বাচন পরিচালনার ক্ষেত্রে নির্বাচন কমিটির সিদ্ধান্তই চুড়ান্ত বলে গন্য হবে।

| | | |
|---|---|---|
| (তায়েব মোঃ মোশাররফ হোসেন চৌধুরী) | (মোঃ নকীব উল্লাহ) | (মুহাম্মদ আমানুর রহমান) |
| পরিদর্শক | পরিদর্শক | মেট্রোপলিটন থানা সমবায় অফিসার |
| জেলা সমবায় কার্যালয়,ঢাকা | জেলা সমবায় কার্যালয়,ঢাকা | শাহ্আলী,ঢাকা |
| ও | ও | ও |
| সদস্য | সদস্য | সভাপতি |
| নির্বাচন কমিটি | নির্বাচন কমিটি | নির্বাচন কমিটি |
| মিরপুর মাজার কো-অপারেটিভ মার্কেট সোসাইটি লিঃ | মিরপুর মাজার কো-অপারেটিভ মার্কেট সোসাইটি লিঃ | মিরপুর মাজার কো-অপারেটিভ মার্কেট সোসাইটি লিঃ |

পত্র নং-নির্বা/মিকো-০১/০১(৬) তারিখঃ-

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরন করা হলো।

১। জনাব.............................................................. সদস্য, নির্বাচন কমিটি, মিরপুর মাজার কো-অপারেটিভ মার্কেট সোসাইটি লিঃ।

২। সভাপতি/সম্পাদক, ব্যবস্থাপনা কমিটি, মিরপুর মাজার কো-অপারেটিভ মার্কেট সোসাইটি লিঃ। **তাকে সকল সদস্য ও সংশ্লিষ্ট সকলের নিকট নির্বাচন কমিটি কর্তৃক জারীকৃত নির্বাচনী তফসিল যথাযথ পদ্ধতিতে, রেজিষ্ট্রি ডাকযোগে/ জিইপি এর মাধ্যমে প্রেরন এবং সমিতির নোটিশ/ পিয়ন বইয়ের মাধ্যমে সরবরাহ করে সদস্যের স্বাক্ষর গ্রহন করার প্রমানক সংরক্ষন করার জন্য অনুরোধ করা হলো। অন্যথায় নির্বাচন নিয়ে কোন প্রশ্ন হলে এর সকল দায়-দ্বায়িত্ব ব্যবস্থপনা কমিটিকে বহন করতে হবে।**

৩। মেট্রোঃথানা সমবায় অফিসার,শাহ্আলী, ঢাকা।

৪। জেলা সমবায় অফিসার, ঢাকা ও নির্বাচনী আপীল কর্তৃপক্ষ।

৫। নিবন্ধক ও মহাপরিচালক,সমবায় অধিদপ্তর,ঢাকা(সদয় অবগতির জন্য)।

৬। সমিতির নোটিশ বোর্ড।

সভাপতি
নির্বাচন কমিটি
মিরপুর মাজার কো-অপারেটিভ মার্কেট সোসাইটি লিঃ